# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।


সূত্র নং- এসইসি/মুখপাত্র/২০১১/১২৭৮

তারিখঃ ১৮/০২/২০১৪ ইং

## প্রেস বিজ্ঞপ্তি

৫১০ তম কমিশন সভা অদ্য ১৮/০২/২০১৪ ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ

১. স্টক ব্রোকার/ডিলার NBL Securities Limited (DSE # 203 & CSE # 012) -এ কমিশনের রুটিন পরিদর্শনের নিমিত্ত গঠিত দল কর্তৃক দাখিলকৃত রিপোর্টে নিম্নেবর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়গুলি উল্লেখিত হয় ঃ

ক) ৫ (পাঁচ) লক্ষ টাকার উপরে নগদ গ্রহনের মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rules 8 (1) (cc) (i) লংঘন;

খ) পরিচালকদের মার্জিন ঋণ সুবিধা প্রদানের মাধ্যমে কমিশনের নির্দেশ নং- SEC/CMRRCD/2001-43/51 তাং 22/07/2010 লংঘন;

গ) একক বিনিয়োগকারীর নিকট ১০ (দশ) কোটি টাকার উর্ধ্বে মার্জিন ঋণ সুবিধা প্রদানের মাধ্যমে কমিশনের নির্দেশ নং- SEC/CMRRCD/2001-43/53 dated 25/07/2010 লংঘন;

ঘ) NBL Securities Limited স্টক ডিলার নিবন্ধন সনদ প্রাপ্তির তারিখ ২০/০২/২০১১ থেকে ১৯/০৬/২০১৩ সময়কালে লেনদেনে অংশগ্রহণ না করে উক্ত নিবন্ধন সনদের শর্তাবলীর Section 11 লংঘন।

উপরোক্ত সিকিউরিটিজ আইন সমূহ ভঙ্গ করায় কমিশন আজকের সভায় NBL Securities Ltd. -কে ৩ (তিন) লক্ষ টাকা জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

২. Gateway Equity Resources Limited (DSE # 157) -এ কমিশনের রুটিন পরিদর্শনের নিমিত্ত গঠিত দল কর্তৃক দাখিলকৃত রিপোর্টে নিম্নেবর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়গুলি উল্লেখিত হয় ঃ

ক) বর্ণিত স্টক ব্রোকারের ব্যবস্থাপনা পরিচালক জনাব রেজাউল করিম কর্তৃক ডিলার হিসাবের পরিবর্তে তাঁর বিও হিসাব (BO Account) এর মাধ্যমে ৪,৩৮,৭৫,০০০/- টাকা পুঁজিবাজারে বিনিয়োগ করেন। পরিদর্শন দল কর্তৃক উক্ত স্টক ব্রোকারের ৩০/০৬/২০১২ সমাপ্ত বছরের নিরীক্ষিত আর্থিক বিবরণী বিশ্লেষণপূর্বক দেখতে পায় যে, ঐ পরিমান অর্থের বিনিয়োগ নিরীক্ষিত আর্থিক প্রতিবেদেনে প্রতিফলিত হয়েছে। তদুপরি ৩০/০৬/২০১২ তারিখের ডিলার হিসাবের পোর্টফোলিও প্রতিবেদনে উক্ত পরিমান অর্থের কোন বিনিয়োগ পাওয়া যায়নি। কিন্তু জনাব রেজাউল করিম এর পোর্টফোলিও হিসাবের প্রতিবেদন থেকে ৪,৩৮,৭৫,০০০/- টাকা পুঁজিবাজারে বিনিয়োগের তথ্য পাওয়া যায়। যার অর্থ হচ্ছে জনাব রেজাউল করিম -কে কোম্পানীর Paid-up Capital ও Retained Earnings থেকে ঋণ প্রদান করা হয়েছে। এই কার্যক্রমের মাধ্যমে কমিশনের নির্দেশ নং- SEC/CMRRCD/2001-43/51 তাং 22/07/2010 এবং সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর বিধি ১১ এ বর্ণিত দ্বিতীয় তফসিল এর আচরণ বিধি ১ ও ৬ এর লংঘন;

খ) নন মার্জিনেবল "Z" ক্যাটাগরির শেয়ার ক্রয়ে মার্জিন ঋণ প্রদান করার মাধ্যমে কমিশনের নির্দেশনা নং- SEC/CMRRCD/2001-43/169 তাং 01/10/2009 লংঘন;

গ) Gateway Equity Resources Limited কর্তৃক Consolidated Customers' Account এর পরিবর্তে কিছু লেনদেন (Receipts/Payment) দুটি কাস্টমার কোডে ঘন ঘন পরিচালিত করেছে। এর ফলে Securities and Exchange Rules, 1987 এর Section 8A লংঘন;

ঘ) জুন ৩০, ২০১১ইং সমাপ্ত বৎসরের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন নির্ধারিত ০৪ (চার) মাসের মধ্যে স্টক এক্সচেঞ্জে দাখিল করতে ব্যর্থতার মাধ্যমে (নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন অনুমোদনের তারিখ ২৯/১১/২০১১) সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর বিধি ১৩ (৪) এর লংঘন।

উপরোক্ত সিকিউরিটিজ আইন সমূহ ভঙ্গ করায় কমিশন আজকের সভায় Gateway Equity Resources Limited -কে ১০ (দশ) লক্ষ টাকা জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।



ফোন (পিএবিএক্স) : +৮৮০-২-৯৫৬৮১০১-২, +৮৮০-২-৯৫৬১৫২৫, ফ্যাক্স : +৮৮০-২-৯৫৬৩৭২১, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.secbd.org, www.sec.gov.bd

৩. Transcon Securities Limited (DSE # 55) -এ কমিশনের রুটিন পরিদর্শনের নিমিত্ত গঠতি দল কর্তৃক দাখিলকৃত রিপোর্টে নিম্নেবর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়গুলি উল্লেখিত হয় ঃ

ক) নন মার্জিনেবল "Z" ক্যাটাগরির শেয়ার ক্রয়ে মার্জিন ঋণ প্রদান করার মাধ্যমে কমিশনের নির্দেশনা নং- SEC/CMRRCD/2001-43/169 তাং 01/10/2009 লংঘন;

খ) মার্জিন ঋণের চুক্তি ছাড়া ক্যাশ হিসাবে ঋণ প্রদানের মাধ্যমে Margin Rules, 1999 এর Rule 3 (2) এবং Securities and Exchange Rules, 1987 এর Section 8(1)(ccc) লংঘন;

গ) পরিচালকদের মার্জিন ঋণ সুবিধা প্রদানের মাধ্যমে কমিশনের নির্দেশনা নং- SEC/CMRRCD/2001-43/51 তাং 22/07/2010 লংঘন;

ঘ) স্টক ডিলার নিবন্ধন সনদ প্রাপ্তির তারিখ ১৭/০২/২০০৯ থেকে পরিদর্শন চলাকালীন সময় পর্যন্ত লেনদেনে/বিনিয়োগে অংশগ্রহণ না করে উক্ত নিবন্ধন সনদের শর্তাবলীর Section 11 লংঘন।

উপরোক্ত সিকিউরিটিজ আইন সমূহ ভঙ্গ করায় কমিশন আজকের সভায় Transcon Securities Limited -কে ৫ (পাঁচ) লক্ষ টাকা জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৪. Khurshid Securities Limited (DSE # 47) -এ কমিশনের রুটিন পরিদর্শনের নিমিত্ত গঠিত দলের দাখিলকৃত রিপোর্টে নিম্নেবর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়গুলি উল্লেখিত হয় ঃ

ক) মার্জিন ঋণের চুক্তি ছাড়া ক্যাশ হিসাবে ঋণ প্রদানের মাধ্যমে Margin Rules, 1999 এর Rule 3 (2) এবং Securities and Exchange Rules, 1987 এর Section 8(1)(ccc) লংঘন;

খ) ৫ (পাঁচ) লক্ষ টাকার উপরে নগদ গ্রহনের মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rules 8 (1) (cc) (i) লংঘন;

গ) মার্চ-এপ্রিল ২০১৩ ইং সনের বিভিন্ন তারিখে বিভিন্ন কোম্পানীর শেয়ার Short Sell করার মাধ্যমে Dhaka Stock Exchange (Short-Sale) Regulations, 2006 এর Regulation 4 এবং Securities and Exchange Ordinance, 1969 (XVII of 1969) এর Section 34 লংঘন।

উপরোক্ত সিকিউরিটিজ আইন সমূহ ভঙ্গ করায় কমিশন আজকের সভায় Khurshid Securities Limited -কে ৩ (তিন) লক্ষ টাকা জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৫. কমিশনের InstantWatch Market Surveillance System এর মাধ্যমে JMI Syringes & Medical Devices Ltd. এর শেয়ার লেনদেনে স্টক ব্রোকার Be Rich Ltd. (CSE # 027) এর নিম্নেবর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়গুলি (খ-গ) সনাক্ত হয় ঃ

ক) JMI Syringes & Medical Devices Ltd. এর শেয়ার লেনদেনে নন মার্জিনেবল শেয়ারে (P/E Ratio is over 40) মার্জিন ঋণ প্রদানের মাধ্যমে কমিশনের নির্দেশ নং- SEC/CMRRCD/2001-43/42 তাং 15/06/2010 লংঘন;

খ) বর্ণিত স্টক ব্রোকার, কমিশন এবং স্টক এক্সচেঞ্জ -কে একই বিনিয়োগকারী কর্তৃক নিজ হিসাবে শেয়ার ক্রয় ও বিক্রয় (Auto Client) এর তথ্য প্রদান না করার মাধ্যমে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর দ্বিতীয় তফসিল এর আচরণ বিধি ১, ৬ ও ৮ লংঘন;

গ) এছাড়াও Be Rich Ltd. এর বিনিয়োগকারী জনাব মোঃ নিয়ামুল কবির কর্তৃক বিও হিসাবে সাজানো লেনদেন (Arrange Trade) এর মাধ্যমে Securities and Exchange Ordinance, 1969 (XVII of 1969) এর Section 22; সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর বিধি ১২ এবং বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সজেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর ধারা ১৮ লংঘন এবং উক্ত ব্যক্তি কর্তৃক কমিশনের শুনানীতে হাজির না হওয়া বা কোন লিখিত ব্যাখ্যা প্রদান না করা।

উপরোক্ত সিকিউরিটিজ আইন সমূহ ভঙ্গ করায় কমিশন আজকের সভায় Be Rich Ltd. -কে ৫ (পাঁচ) লক্ষ টাকা এবং Be Rich Ltd. এর বিনিয়োগকারী জনাব মোঃ নিয়ামুল কবির -কে ২ (দুই) লক্ষ টাকা জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

পাতা-২

৬. Tung Hai Knitting and Dyeing Limited এর ১০ টাকা মূল্যমানের ৩.৫০ কোটি টি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার অনুমোদন দেয়া হয়েছে। এই IPO এর মাধ্যমে কোম্পানিটি ৩৫.০০ কোটি টাকা পুঁজি উত্তোলন করে চলতি মূলধন, মেশিনারিজ ক্রয়, ব্যাংকের টার্ম ঋণ এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। Tung Hai Knitting and Dyeing Limited এর ৩১শে ডিসেম্বর ২০১২ সালের সমাপ্ত বৎসরের আর্থিক প্রতিবেদন অনুযায়ী শেয়ার প্রতি আয় (EPS) ১.১৫ টাকা এবং নেট এ্যাসেট ভ্যালু (NAV) ১৩.৭৩ টাকা। উল্লেখ্য, Tung Hai Knitting and Dyeing Limited এর ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে AFC Capital Limited এবং সহ ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে Imperial Capital Ltd.।

৭. কমিশন, স্টক এক্সচেঞ্জে তালিকাভূক্ত কোম্পানী Paper Processing & Packaging Ltd. কর্তৃক ঋণ রূপান্তরের মাধ্যমে সাধারণ শেয়ার ইস্যুর আবেদন চাহিদা অনুযায়ী যথাযথ কাগজপত্র দাখিলে ব্যর্থতার জন্য বাতিল করেছে।

৮. স্টক এক্সচেঞ্জে তালিকাভূক্ত কোম্পানী Bangladesh Monospool Paper Manufacturing Company Limited কর্তৃক ঋণ রূপান্তরের মাধ্যমে সাধারণ শেয়ার ইস্যুর আবেদন চাহিদা অনুযায়ী যথাযথ কাগজপত্র দাখিলে ব্যর্থতার জন্য বাতিল করেছে।

৯. কমিশন, ICB AMCL Converted First Unit Fund নামে একটি বে-মেয়াদী (open-end) মিউচ্যুয়াল ফান্ড এর প্রসপেক্টাস অনুমোদন করেছে। উক্ত ফান্ডটি মেয়াদী থেকে বে-মেয়াদীরূপে রূপান্তরের মাধ্যমে প্রথমবারের মত গঠিত হচ্ছে। মিউচ্যুয়াল ফান্ডটির প্রাথমিক আকার হচ্ছে ৫০ কোটি টাকা এবং মোট ইউনিট ৫ কোটি (ফান্ডটির অভিহিত মূল্য ১০ টাকা)। উক্ত ফান্ডের ইউনিটগুলি অবলুপ্ত ICB AMCL 1st Mutual Fund এর ইউনিট হোল্ডারগন এবং স্পন্সর ICB Capital Management Ltd. এর মধ্যে প্রাথমিকভাবে বরাদ্দ রাখা হয়েছে। ফান্ডটির সম্পদ ব্যবস্থাপক হিসেবে ICB Asset Management Company Ltd. কাজ করছে। উল্লেখ্য, পূর্বে উক্ত ফান্ড এর রূপান্তর সংক্রান্ত কার্যক্রম সম্পন্নের জন্য সময়সীমা ২০ ফেব্রুয়ারী ২০১৪ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়।

১০. Sandhani Life Growth Fund নামে একটি মেয়াদী (close-end) মিউচ্যুয়াল ফান্ড এর সম্পদ ব্যবস্থাপক Asian Tiger Capital Partners Asset Management Limited এর আবেদনের প্রেক্ষিতে কমিশন অদ্যকার সভায় এর পুর্নাঙ্গ খসড়া প্রসপেক্টাস জমাদানের সময়সীমা ৩ (তিন) মাস পর্যন্ত বাড়ানোর সিদ্ধান্ত গ্রহণ করেছে। উল্লেখ্য যে, ইতোপূর্বে ৪৯৯তম কমিশন সভায় ফান্ডটির নিবন্ধন বাতিলের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

১১. কমিশন, Padma Islami Life 1st Mutual Fund এর ট্রাস্টি Eastern Bank Ltd. এর আবেদনের প্রেক্ষিতে ফান্ডটির অবলুপ্তির বিষয়টি নীতিগতভাবে অনুমোদন প্রদান করেছে।

২৮/০২/২০১৪

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র



ফোন (পিএবিএক্স) : +৮৮০-২-৯৫৬৮১০১-২, +৮৮০-২-৯৫৬১৫২৫, ফ্যাক্স : +৮৮০-২-৯৫৬৩৭২১, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.secbd.org, www.sec.gov.bd